গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
কালেক্টরেট ভবন, পাবনা

স্মারক নং ৩৮.০২.৭৬০০.৩৫০.২৬.০৯৫.১৩- ৪৫ তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৭ / ১১ মার্চ ২০২১

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পাবনা অফিসে সংরক্ষিত বিভিন্ন প্রকল্পের কাজে ব্যবহৃত (ক) ২টি অকেজো মোটর সাইকেল,(খ) কিছু অকেজো অফিস যন্ত্রপাতি (কম্পিউটার সামগ্রী ও অন্যান্য যন্ত্রপাতি) যেখানে যে অবস্থায় আছে সে অবস্থাতেই নিলাম বিক্রয়ের জন্য আগামী ১১/০৩/২০২১ তারিখে নিলাম/দরপত্র আহবান করা হয়েছে। আগ্রহী ক্রেতাদের কাছ থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত সিডিউলে সিল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী

১। আগ্রহী ক্রেতাগণ জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পাবনা অফিস হতে নির্ধারিত টাকা নগদ প্রদান সাপেক্ষে 'ক' বিভাগের ক্ষেত্রে (অকেজো মোটর সাইকেল) ও 'খ' বিভাগের ক্ষেত্রে (অকেজো অফিস যন্ত্রপাত্রি) দরপত্র সিডিউল ক্রয় করতে পারবেন।

২। আগামী ১১/০৩/২০২১ তারিখ হতে ২১/০৩/২০২১ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত সিডিউল ক্রয় করতে পারবেন।

৩। সিডিউল পূরণ করে ২২/০৩/২০২১ ইং তারিখ বেলা ১.০০ ঘটিকার মধ্যে জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পাবনা অফিসে রক্ষিত টেন্ডার বক্সে জমা দেওয়া যাবে। দরপত্রে উলেখকৃত টাকায় ঘষা-মাজা করা যাবে না।

৪। দরপত্রের সাথে উদ্ভুত দরের ২০% টাকার ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার এর মাধ্যমে সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পাবনা বরাবর সোনালী ব্যাংক লিমিটেড এর মাধ্যমে জামানত হিসাবে জমা দিতে হবে। জামানত ব্যতীত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। মোটর সাইকেল / অন্যান্য যন্ত্রপাতি গুলো যে কোন দিন অফিস চলাকালীন পর্যবেক্ষণ করা যাবে।

৬। কোন দরদাতা এক বা একাধিক মোটর সাইকেল এর জন্য দরপত্র দাখিল করতে পারবে, তবে দরপত্রে সিডিউলে মোটর সাইকেল নম্বর/ নম্বর বিহীন এর বিপরীতে দর উল্লেখ করতে হবে।'খ' বিভাগের ক্ষেত্রে (কম্পিউটার সামগ্রী ও অন্যান্য যন্ত্রপাতি) দরদাতাদেরকে গুচ্ছাকারে দর উলেখ করতে হবে।

৭। নিলাম ধার্যের তারিখ বেলা ১.৩০ মিনিটের সময় উপস্থিত টেন্ডার দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।

৮। সর্বোচ্চ দরদাতার দরপত্র গৃহীত হওয়ার পর কার্যাদেশ পাওয়ার ৭(সাত) দিনের মধ্যে বাকি টাকা পরিশোধ সাপেক্ষে মালামাল গ্রহণ করতে হবে। মালামাল নিতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

৯। প্রাপ্ত দরপত্র বর্তমান বাজার মূল্য হতে অস্বাভাবিক কম হলে কর্তৃপক্ষ দরপত্র প্রস্তাব বাতিল করতে পারবেন।

১০। দরপত্রে উল্লেখকৃত মূল্য অংকে ও কথায় টাকার পরিমাণ লিখতে হবে।

১১/৩/২০২১

(এমদাদুল হক)
সহকারী পরিচালক
ফোন নং ০৭৩১-৬৫৫৬৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। পরিচালক (প্রশাসন ও অর্থ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
২। জেলা প্রশাসক, পাবনা।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), পাবনা (প্রচারের অনুরোধসহ)।
৪। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, পাবনা (প্রচারের অনুরোধসহ)।
৫। সহকারী পরিচালক(ইঞ্জি), বিআরটিএ, পাবনা।(প্রচারের অনুরোধসহ)
৬। মেসার্স .....
৭। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা/ নিজ দপ্তর , পাবনা।
৮। অফিস কপি।